
ইসকন মায়াপুরে ...



শব্দ - ১

পূর্ণচন্দ্র সাহা


পাশাপাশি ঃ ১। মতহস্তী ৩। আমাদের প্রতিবেশি রাষ্ট্র ৬। কেঁচো ৮। ভৃত্য ১০। লুপ্ত মর্যাদা ১২। অতিশয় নীচ লোক ১৪। অভদ্র ১৫। স্নানকক্ষ

উপরনীচ ঃ ১। দখিনা বাতাস ২। করঞ্জফল ৪। উন্মাদ ৫। সঠিক বিবরণ ৭। গলাজড়ানো লেবলেশ ৯। করুণা ১১। অপ্রাপ্তবয়স্কাকে বিবাহে সম্প্রদান ১৩। গাধা

সমাধান ঃ শব্দলিপি - ১২৯৭

পাশাপাশি ঃ ১। খড়্গ ৩। বৃত্রহা ৫। জটায়ু ৭। সহগমন ৮। টারবাইন ৯। বিনোদ ১১। রসদ ১২। স্ফুভিত

উপরনীচ ঃ ১। খরাজ ২। গতায়ু ৩। বৃষবাহন ৪। হাতকামড়ানো ৬। টাকার কুমির ৭। সইসাবুদ ৯। বিবক্ষু ১০। দরিত




**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর কাকদ্বীপ মহকুমা এবং নামখানা ব্লক শাখার উদ্যোগে আট দফা দাবির ভিত্তিতে মহকুমা শাসকের দফতরে একটি ডেপুটেশনের আয়োজন করা হয়েছিল। দাবিগুলি হল স্বাস্থ্য কার্ড, সমস্ত ব্লকে প্রতিবন্ধী চিহ্নিত করণ, সহায়ক যন্ত্রপাতি প্রদান, মানবিক ভাতা এবং স্পেশাল জি, আর প্রদান। মাথাপিছু ১৬ কেজি চাল, যা পরিবার পিছু দেওয়া হচ্ছে। সংগঠনের সভাপতি শিখা দাস জানান, মহকুমা প্রায় ৭০০ জন সদস্যা আছেন আমরা ব্লক ভিত্তিক বিভিন্ন দাবি দাওয়া নিয়ে বিডিওদের সঙ্গে কথা বলছি। কিন্তু নামখানা ব্লক অফিসার এবিষয়ে খুব একটা কর্ণপাত করেননি। যার ফলে আমরা বাধ্য হয়েছি মহকুমা শাসকের দফতরে আসতে। মহকুমা শাসক যত্ন সহকারে আমাদের কথা শুনেছেন। মহকুমাশাসক স্পেশাল জিআর (মাথাপিছু ১৬ কেজি চাল) দেওয়ার নির্দেশ দিচ্ছেন। বাকি দাবি গুলি বিভাগীয় দফতরে পাঠিয়ে দিচ্ছেন।

প্রায় দেড়শজন প্রতিবন্ধী মহকুমাশাসকের দফরে উপস্থিত হয়েছিলেন।

হাইওয়ে দিয়ে সাইকেল চালিয়ে বাড়ি ফিরছিলেন। ট্রাকটি কাঁচরাপাড়ার দিকে থেকে নৈহাটির দিকে যাওয়ার সময় তাঁকে পিষে দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। দুর্ঘটনার পর পুলিশের ভ্যান তাড়া করে ট্রাকটিকে ধরে ফেলে। আটক করা হয় ট্রাকের চালক ও খালসিকে। শুক্রবার মৃত যুবকের দেহ ব্যারাকপুর মর্গে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। ট্রাকের চালক ও খালাসিকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

### সংশোধনী

গত ৩১.০৮.২০১৮ এ প্রকাশিত এন পি আর ফিনান্স লিমিটেডের প্রথমে মার্চেন্ট চেম্বার অফ কর্মাসে কলকাতা-৭০০০০১ এবং ৯ নম্বরে DIN-06935192 এর পরে কমপ্লায়েন্স অফিসার পড়িতে হইবে। ভুল প্রকাশের জন্য দুঃখিত।

## ডেঙ্গির প্রতিরোধে কেন্দ্রের ... ঢুকতে আইনে বদলের উদ্যোগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** উত্তর ২৪ পরগনায় কেন্দ্রীয় সরকারের কারখানাগুলির চত্বরে জল জমে মশার উপদ্রব বাড়ছে। কারখানাগুলিতে ঢুকে ডেঙ্গি প্রতিরোধে ব্যবস্থা নিতে পারছেন না পুরকর্মীরা। কারণ কারখানাগুলি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ থাকায় সেখানে রাজ্য সরকারের কর্মীরা ঢুকতে পারেন না। এই সমস্যা মেটাতে এবার আইনে বদল আনার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। একথা জানালেন পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

বৃহস্পতিবার বিধাননগরের উন্নয়ন ভবনে ডেঙ্গু ইস্যুতে ১১টি পুরসভা এবং দু'টি পুরনিগমের আধিকারিক এবং কাউন্সিলরদের নিয়ে বৈঠক করেন ফিরহাদ হাকিম। মন্ত্রী জানান, ডেঙ্গু প্রতিরোধে পুরসভা বা পুরনিগমের যদি কোনও অতিরিক্ত পরিকাঠামোর প্রয়োজন হয়, রাজ্য সরকার সেক্ষেত্রে সাহায্য করবে। বৈঠকে মন্ত্রী জানান, উত্তর ২৪ পরগনার বেশকিছু জায়গায় কেন্দ্রীয় সরকারের একাধিক কারখানা রয়েছে, সেখানে পুরকর্মীরা ঢুকতে পারেন না। কারখানাগুলির চত্বরে জল জমে থাকছে। কিন্তু পুরকর্মীরা ঢুকতে না পারায় সেখানে ডেঙ্গি প্রতিরোধ ব্যবস্থা নিতে সমস্যা হচ্ছে। তাই আইনে রদবদল করার সিদ্ধান্ত হয়েছে, যার জেরে সেখানে ডেঙ্গু প্রতিরোধে পুরকর্মীরা ঢুকতে পারবেন।' মন্ত্রী দাবি করেন, 'গতবারের তুলনায় রাজ্যে এবার ডেঙ্গুর প্রকোপ অনেক কম। মাত্র ১০ শতাংশ এলাকায় ডেঙ্গুর প্রকোপ দেখা যাচ্ছে। স্বাস্থ্য দফতরের তরফে কয়েকটি এলাকাকে ডেঙ্গুপ্রবণ বলে চিহ্নিত করা হয়েছে।'